

মিডিয়া বিজ্ঞপ্তি (ঢাকা)- অক্টোবর ২৬, ২০১৭

২০ তম বার্ষিক সাধারণ সভায় সামিট পাওয়ার লিমিটেডের আবারও নগদ লভ্যাংশ ঘোষণা



সামিট পাওয়ার লিমিটেড, ১৮ মাসের জন্য সমাপ্তকৃত হিসাব বছরে (৩০শে জুন ২০১৭ পর্যন্ত) শেয়ার হোল্ডারদের ৩০ শতাংশ নগদ লভ্যাংশ ঘোষণা করেছে। রাজধানীর খামারবাড়ীর কৃষিবিদ ইনস্টিটিউট মিলনায়তনে ২৬শে অক্টোবর ২০১৭ ইং তারিখে অনুষ্ঠিত কোম্পানীর ২০তম বার্ষিক সাধারণ সভায় এ লভ্যাংশ ঘোষণা করা হয়। প্রতিষ্ঠানটি পুঁজিবাজারে তালিকাভুক্তির পর থেকেই ধারাবাহিকভাবে লভ্যাংশ ঘোষণা করে আসছে।

সামিট পাওয়ার লিমিটেডের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খানের সভাপতিত্বে এ সভায় উপস্থিত ছিলেন ভাইস চেয়ারম্যান মোঃ লতিফ খান, ব্যবস্থাপনা পরিচালক লেঃ জেঃ (অবঃ) ইঞ্জিঃ আবদুল ওয়াদুদ ও পরিচালকদের মধ্যে আঞ্জুমান আজিজ খান, জাফর উম্মিদ খান, আয়েশা আজিজ খান, হেলাল উদ্দীন আহমেদ, সৈয়দ ফজলুল হক (এফসিএ), ফয়সাল করিম খান, মোস্তাফিজুর রহমান খান, ফারুক আহমেদ সিদ্দীকী, আজিজা আজিজ খান, আরিফ আল ইসলাম এবং কোম্পানী সচিব স্বপন কুমার পাল (এসিএ) সহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাগণ। এছাড়া উক্ত বার্ষিক সাধারণ সভায় পর্যাপ্ত সংখ্যক শেয়ার হোল্ডারগণ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, গত বছরের মতো এবারও অডিটর হিসেবে চার্টার্ড একাউন্টেন্ট ফার্ম রহমান রহমান হক-কে নিয়োগ দেয়া হয়েছে।

সামিট পাওয়ার সম্পর্কে বিস্তারিত:

সামিট পাওয়ার লিমিটেড দেশের বেসরকারি খাতে বিদ্যুৎ উৎপাদনে শীর্ষস্থানীয় এবং পুঁজিবাজারে তালিকাভুক্ত একটি প্রতিষ্ঠান । বর্তমানে সামিট গ্রুপ মোট ১,৪৯০ মেগাওয়াট বিদ্যুৎ জাতীয় গ্রীডে সরবরাহ করছে । এছাড়া সম্প্রতি সামিট পাওয়ার গাজীপুরের কডডায় মোট ৪৪৯ মেগাওয়াট ক্ষমতা সম্পন্ন দুটি পাওয়ার প্ল্যান্ট স্থাপন করছে যা ২০১৮ সালের শুরুর দিকে সম্পন্ন হবে ।

জাতীয় গ্রীডে সবোর্চ পরিমাণ বিদ্যুৎ সরবরাহের স্বীকৃতি স্বরূপ সামিট গ্রুপের অঙ্গপ্রতিষ্ঠান বাংলাদেশ সরকার কর্তৃক ২০১৩ সাল থেকে ধারাবাহিকভাবে সেরা বিদ্যুৎ উৎপাদন প্রকল্পের স্বীকৃতি পেয়ে আসছে এবং সম্প্রতি ক্রেডিট রেটিং এজেন্সি সিআরআইএসএল কর্তৃক দীর্ঘ মেয়াদে ট্রিপল 'এ' রেটিং অর্জন করেছে ।

বিস্তারিত তথ্যের জন্য:

মোহসেনা হাসান । ইমেইল-mohsena.hassan@summit-centre.com । মোবাইল- ০১৭১৩০৮১৯০৫